

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি সংস্কার বোর্ড
শাখা-৬
ভূমি ভবন, ৯৮, শহিদ তাজউদ্দীন আহমদ সরণি
তেজগাঁও, ঢাকা-১২০৮
www.lrb.gov.bd



স্মারক নম্বর: ৩১.০২.০০০০.০১৬.৩১.০১২.১৯. ০৬

তারিখ: ১০ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ
২৪ জানুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: সরকারি জলমহাল ভরাট হয়ে মাছের আবাসস্থল হ্রাস পাওয়া জলমহাল সংস্কার ও খননের লক্ষ্যে জলাশয়ের তালিকা প্রেরণ।
সূত্র: ভূমি মন্ত্রণালয়ের স্মারক নম্বর- ৩১.০০.০০০০.০৫০.৬৮.০০৯.২০.০৫ তারিখ: ০৪/০১/২০২৩ খ্রিঃ


উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভূমি মন্ত্রণালয় মাঠ প্রশাসন-২ অধিশাখা থেকে গত ০৫/০৮/২০২১ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.৫৮.০৩৭.১৫.১৫০ স্মারকে জারিকৃত পরিপত্রমূলে ভূমি সংস্কার বোর্ডের উপর 'জলমহাল সংস্কারের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ এবং উপজেলা ভূমি অফিস ও ইউনিয়ন ভূমি অফিস সংলগ্ন কাছারি পুকুর সংস্কার' সংক্রান্ত যাবতীয় কার্যাবলী ভূমি সংস্কার বোর্ডের উপর অর্পিত রয়েছে। ভূমি মন্ত্রণালয়ের উপরিউক্ত নির্দেশনার আলোকে সারাদেশের সরকারি জলমহাল ভরাট হয়ে মাছের আবাসস্থল হ্রাস পাওয়া জলমহাল সংস্কার ও খননের লক্ষ্যে জলাশয়ের তালিকা প্রস্তুত করার জন্য নিম্নোক্ত 'ছক' অনুযায়ী প্রতিবেদন আবশ্যিক:

'ছক'

জেলার নাম	উপজেলার নাম	পুকুর/ জলমহালের নাম	জলমহালের অবস্থান					মন্তব্য
			মৌজার নাম	খতিয়ান নং	দাগ নং	জমির পরিমাণ (একর)	প্রাক্কলিত/প্রস্তাবিত ব্যয় (যে সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক মূল্য নির্ধারণ করা হয়েছে তার নামসহ)	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯

অতএব, উপরে বর্ণিত 'ছক' মোতাবেক জলাশয়ের প্রতিবেদন ৩১/০১/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে alrc6@lrb.gov.bd এ ই-মেইলে ও হার্ড কপি প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

জেলা প্রশাসক
.....(সকল)


২৪.০১.২০২৩

(মোঃ ইকবাল হোসেন)
সহকারী ভূমি সংস্কার কমিশনার-৬
ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
ফোনঃ ০২-৮১৭০১৫৭
ই-মেইলঃ alrc6@lrb.gov.bd

অনুলিপি সদয় জ্ঞাতার্থে /কার্যার্থেঃ

- (১) সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (২) সদস্য (প্রশাসন/ভূমি ব্যবস্থাপনা), ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
- (৩) বিভাগীয় কমিশনার,(সকল)
- (৪) বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনার-.....(সকল) (বিষয়টি নিশ্চিত করণের অনুরোধসহ)
- (৫) চেয়ারম্যান এর একান্ত সচিব, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা(চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য)।
- (৬) সহকারী প্রোগ্রামার, আইটি সেল, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- (৭) অফিস কপি